

## বাংলাদেশ স্কাউটস

### ডেঙ্গু সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে গাইডলাইন :

- ১। ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং ইউনিট লিডারদের সাথে মতবিনিময় সভা আয়োজন করা। সভায় প্রশাসন, শিক্ষা, স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা এবং জনপ্রতিনিধিরা উপস্থিত থাকতে পারেন।
- ২। প্রতিটি ওয়ার্ড/ইউনিয়নে সেল গঠন করা যেতে পারে যেখানে সংশ্লিষ্ট জনপ্রতিনিধি, শিক্ষা, স্বাস্থ্য, স্থানীয় সরকার ও স্কাউট প্রতিনিধিগণ থাকতে পারেন। উক্ত সেল যাবতীয় কার্যক্রম মনিটর করবে।
- ৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ওয়ার্ড/ইউনিয়নভিত্তিক আলোচনা করে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের কর্মএলাকা নির্ধারণ করে নিবেন।
- ৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকগণকে প্রথমে ডেঙ্গু সম্পর্কে সচেতন করবেন। তাঁর সহায়তা নিয়ে সকল শিক্ষার্থীর মধ্যে ডেঙ্গু বিষয়ক সচেতনতা সৃষ্টি করবেন। এ বিষয়ে তৈরীকৃত লিফলেট দিতে পারেন এবং ভিডিও দেখাতে পারেন। কোথায় কোথায় এডিস মশা থাকে এবং বংশবিস্তার করে তার তালিকা তৈরী করে দিতে হবে।
- ৫। শিক্ষা প্রতিষ্ঠান এসকল কার্যক্রমে অভিভাবক এবং জনপ্রতিনিধিগণকে সম্পৃক্ত করতে পারেন।
- ৬। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিজ ব্যয়ে লিফলেট ছাপা ও ব্যানার বানাতে পারেন।
- ৭। প্রত্যেক ছাত্র ও শিক্ষককে প্রথমে নিজ বাড়ি পরিষ্কার করতে উদ্বুদ্ধ করতে হবে।
- ৮। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান নিজ কর্মএলাকা শিক্ষকগণের মধ্যে বিভাজন করে দিবেন।
- ৯। সংশ্লিষ্ট শিক্ষক ইউনিফর্ম পরিহিত ছাত্র, স্কাউট এবং আত্মহী অভিভাবকগণকে নিয়ে বাড়ি-বাড়ি যাবেন, লিফলেট দিবেন, প্রত্যেক বাড়ির অধিবাসীকে ডেঙ্গু বিষয়ে সচেতন করবেন এবং তাৎক্ষণিক এডিস মশার আবাসস্থল ধ্বংস করতে সহায়তা করবেন।
- ১০। জনপ্রতিনিধির সহায়তা নিয়ে স্কুল প্রাঙ্গণ এবং মহল্লার সকল স্থান পরিষ্কার করতে হবে।